

## উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভার কার্য-বিবরণী

সভা নং ০১/২০২৪-২৫

তারিখ: ০৯/০৭/২০২৪ইং

সময়: সকাল: ১০:০০ ঘটিকা

সভার স্থান: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বাউফল, পটুয়াখালী

### উপস্থিত সদস্যদের নামের তালিকা:

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	মরিয়ম বেগম নিসু	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল	সভাপতি	স্বাক্ষরিত
২	মো: মনজুর আলম	চেয়ারম্যান, আদাবাড়িয়া ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৩	মো: আনোয়ার হোসেন বাচ্চু	চেয়ারম্যান, সূর্যমনি ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৪	মো: শাহিন হাওলাদার	চেয়ারম্যান, কনকদিয়া ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৫	মো: নাজমুল হক	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল	সদস্য সচিব	স্বাক্ষরিত

### আলোচ্য বিষয়:

১. মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার প্রতিষ্ঠান প্রধানদের প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত প্রশিক্ষণ বাস্তবায়ন প্রসঙ্গে।

আলোচ্য বিষয়, আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ:

অদ্যকার সভা উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল, পটুয়াখালী এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সদস্য সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালীকে আলোচ্য বিষয়গুলি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

সদস্য সচিব, উপজেলা উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করে এজেন্ডা ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
১. প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত প্রশিক্ষণ বাস্তবায়ন প্রসঙ্গে।	উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার ১২৫ জন প্রধান শিক্ষক/সুপারকে প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রস্তাবনা, বাজেট, সেশন প্লান, ইত্যাদি প্রস্তুত করে ৩১/০৮/২০২৪ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের নিকট জমা দেয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	২০২৪-২৫ অর্থবছর। উপজেলা একাডেমিক সুপারভাইজার

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মরিয়ম বেগম নিসু)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও  
সভাপতি  
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি  
বাউফল, পটুয়াখালী।